

স্মারক নং- ০৫.৪৫.৭২০৪.০০০.৩৩.০০৪.২০-২২৭

তারিখ: ২৪ ফেব্রুয়ারি ২০২২

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যচ্ছে যে, ১৪২৯-১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ বছর মেয়াদে অনলাইনে সাধারণ আবেদনের মাধ্যমে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক ১০ থেকে ১৫ ফাঙ্কনের মধ্যে আবেদন দাখিলের বিধান প্রবর্তন করার প্রেক্ষিতে ২২.০২.২০২২ খ্রি : তারিখের ০৫. ৪৫.৭২০৪.০০০.৩৩.০০৪.২০-১২৪ নং স্মারকে বিজ্ঞপ্তি জারি করা হয়।

০২। ভূমি মন্ত্রণালয়ের ২৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২)৫৪ নং স্মারকে উক্ত সময় সংশোধনপূর্বক অনলাইনে আবেদন দাখিলের সময়সীমা ২৫ ফাঙ্কন পর্যন্ত বর্ধিত করণসহ ২৬ ফাঙ্কন থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনলাইনে দাখিলকৃত আবেদন প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মদন, নেত্রকোণায় দাখিল করতে হবে।

০৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী ৫০০.০০ (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মূল্যের (অফেরতযোগ্য)-এর মাধ্যমে ২০ একর পর্যন্ত জলমহালের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মদন, নেত্রকোণা থেকে আবেদন ফরম সংগ্রহ করে (যা নীতির পরিশিষ্ট 'ক'-এ উল্লেখ রয়েছে) পূরণকৃত আবেদন ফরমটি অনলাইনে স্ক্যান করে দাখিলপূর্বক ফরমের মূল কপি ৫০০.০০ টার জমার রশিদসহ অন্যান্য প্রিন্টেড কপির সাথে জমা প্রদান করতে হবে।

০৪। সংশ্লিষ্ট সকলকে উপরোক্ত নির্দেশনা অনুসরণপূর্বক ১৪২৯ বঙ্গাব্দ হতে জলমহাল ইজারা গ্রহণের নিমিত্ত আবেদন করার জন্য অনুরোধ করা হলো।



(বুলবুল আহমেদ)

উপজেলা নির্বাহী অফিসার  
মদন, নেত্রকোণা।

ফোনঃ ০৯৫২৯-৫৬০০১  
E-mail. unomadan@yahoo.com